মুজিবনগর স্মৃতিসৌধে মুক্তিজোটের নির্বাচনী ইশতেহার ঘোষণা

মেহেরপুরের ঐতিহাসিক মুজিবনগরে নির্বাচনী ইশতেহার ঘোষণা করেছে বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট। এর মাধ্যমেই দলটির নির্বাচনী প্রচারণা আনুষ্ঠানিক ভাবে শুরুহলো।

আজ বৃহস্পতিবার (২১ ডিসেম্বর) দুপুরে বাংলাদেশের প্রথম সরকারের শপথগ্রহণের ঐতিহাসিক স্থান মুজিবনগর স্মৃতিসৌধের পাদদেশে দলের কেন্দ্রীয় নেতারা একত্রিত হয়ে মুক্তিজোটের ইশতেহার ঘোষণা করেন।

২৩ দফা সম্বলিত ইশতেহার ঘোষণা করেন মুক্তিজোট সংগঠনের প্রধান আবু লায়েস মুন্না। এ সময় মুক্তিজোট নেতারা দেশের আর্থসামাজিক উন্নয়নে তাদের ২৩ দফা পালনে শপথ গ্রহনের মাধ্যমে অঙ্গীকার করেন। এই সময় মুক্তিজোট সংগঠনের পরিচালনা বোর্ড প্রধান শাহ জামাল আমিরুল, কন্ট্রোল বোর্ড প্রধান বদরুজ্জামান রিপন, মজিবুল হক সহ কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ইশতেহারে সংগঠনটি স্থানীয় সরকার শক্তিশালীকরণ, ইউনিয়ন পর্যায়ে পোষ্ট অফিসকে কার্যকর করা, রেমিট্যান্স বৃদ্ধি, গণমাধ্যমকর্মী ও কবি-সাহিত্যিকদের জন্য আর্থিক সুবিধা বৃদ্ধি, কৃষক শ্রমিক প্রবাসীদের জন্য বীমা ব্যবস্থা, চা শিল্প ও গার্মেন্টেস শ্রমিকদের জন্য বেতন বৃদ্ধির নিশ্চয়তা, ক্ষুদ্র নৃগোষ্টির জীবনমান উন্নয়ন, তৃতীয় লিঙ্গের নিরাপত্তা নিশ্চিতকরণ, শ্রমিকদের অংশীদারিত্বের মাধ্যমে শিল্পকলকারখানা বৃদ্ধিকরণ সহ ২৩ দফা দাবী উত্থাপন ও বাস্তবায়নে আন্দোলন সংগ্রাম চালিয়ে যাওয়ার অঙ্গীকার করা হয় এই সময়।